

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা  
www.shed.gov.bd

এ.পি.এ. টিমের ১২তম সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ হাসানুল ইসলাম এনডিসি  
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ও এ.পি.এ. টিম প্রধান  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।  
তারিখ : ২৪ জুন ২০২১ খ্রিষ্টাব্দ  
সময় : সকাল ১০.০০ মিনিট।  
সভার স্থান : ভার্চুয়াল সভা

উপস্থিতির তালিকা: ভার্চুয়াল সভা।

২.০ সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি A.P.A. টিমের ফোকাল পয়েন্ট ও শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করতে বলেন। ফোকাল পয়েন্ট কর্মকর্তা প্রথমে ৩০ মে ২০২১ তারিখে অনুষ্ঠিত A.P.A. টিমের ১১ম সভার কার্যবিবরণী পাঠ করেন এবং তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। তিনি বলেন যে, ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ১২(বার) মাস প্রায় অতিক্রান্ত। আজকে ২০২০-২০২১ অর্থবছরের এ.পি.এ. টিমের ১২তম তথা শেষ সভা। আজকের সভায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সকল শাখা/অধিশাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং অধিদপ্তর-দপ্তর-সংস্থার এ.পি.এ. ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে আমন্ত্রণ জানানো হয়েছে। সভাপতি ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ১২ (বার) মাসের অগ্রগতি জানতে চান। ফোকাল পয়েন্ট কর্মকর্তা ২০২০-২০২১ অর্থবছরের এ.পি.এ.'র ১২ (বার) মাসের অগ্রগতি সভায় উপস্থাপন করেন। সভাপতি ২০২০-২০২১ অর্থবছরের এ.পি.এ.'র অগ্রগতিতে সন্মুখি প্রকাশ করেন। তিনি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের এ.পি.এ. টিম, এ বিভাগের সকল কর্মকর্তা এবং অধিদপ্তর-দপ্তর-সংস্থার কর্মকর্তাগণকে ২০২০-২০২১ অর্থবছরের এ.পি.এ. সফলতার সাথে বাস্তবায়নের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। পরবর্তীতে ২০২০-২০২১ অর্থবছরের এ.পি.এ.'র ১২ (বার) মাসের অগ্রগতির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনা শেষে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

৩.০ সিদ্ধান্তসমূহ:

- ৩.১ ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (A.P.A.) সকল কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত প্রমাণক মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ০৭ জুলাই ২০২১ তারিখের মধ্যে প্রস্তুত করে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখায় প্রেরণ করতে হবে;
- ৩.২ মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ২০২০-২০২১ অর্থবছরের ৪র্থ ত্রৈমাসিক অগ্রগতি A.P.A.M.S. সফটওয়্যারে এন্ট্রি করে প্রমাণক দাখিল করতে হবে।

৪.০ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-

(মোঃ হাসানুল ইসলাম এনডিসি)

অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

শিক্ষা মন্ত্রণালয়

ও

এ.পি.এ. টিম প্রধান।

স্মারক নং:৩৭.০০.০০০০.০৭৫.০১.০০৪.২১-১৪৪

তারিখ: ১৩ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ  
২৭ জুন ২০২১ খ্রিস্টাব্দ

১০. অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
১১. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থা (সকল)।
১২. উপসচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
১৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
১৪. উপসচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (মূল্যায়ন) অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
১৫. সিনিয়র সহকারী সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
১৬. সহকারী সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
১৭. প্রোগ্রামার (আইসিটি অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
১৮. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

(মোঃ ফজলুর রহমান)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৪৬১৫৮

apa.sec@shed.gov.bd